

## # একজন সফল রাজনীতিবিদ আব্দুল মান্নান #

যমুনা ও বাঙ্গালী নদীভাঙ্গন কবলিত সারিয়াকান্দি ও সোনাতলা উপজেলার জন্য শতাব্দীর সেরা উপহার হিসেবে ১৯৫৩ সালের ১৯ শে ডিসেম্বর সারিয়াকান্দি উপজেলাধীন সারিয়াকান্দি সদর ইউনিয়নের শালুখা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করে বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ আব্দুল মান্নান এমপি। পিতা মরহুম জালাল উদ্দিন সরদার, মাতা মরহুমা মুনজিলা বেগম। সাত ভাইবোনের মধ্যে তিনি দ্বিতীয়। তার শিক্ষাজীবন শুরু হয় ময়ূরের চর সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে । ১৯৬৯ সালে তিনি সারিয়াকান্দি সরকারি উচ্চ বিদ্যালয় থেকে কৃতিত্বের সহিত এস.এস.সি পাশ করেন। ১৯৭১ সালে তিনি মুজিব বাহিনীর সদস্য হিসেবে মহান মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করেন। আব্দুল মান্নান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে B.Sc.Agri (Hon's) এবং ১৯৭৭ সালে M.SC.Agri (agronomy) এবং ১৯৭৯ সালে M.Sc.(Agri Chemistry) তে উচ্চতর ডিগ্রী অর্জন করেন। শিক্ষাজীবন শেষে তিনি চাকুরীতে যোগদান করেন এবং কিছুদিন Senior Scientific Officer হিসেবে গবেষণার কাজ করেন। রাষ্ট্রীয়ভাবে PHD ডিগ্রি অর্জনের সুযোগ পেয়েও তা উপেক্ষা করে বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি জননেত্রী শেখ হাসিনার ইচ্ছায় বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি নির্বাচিত হন আব্দুল মান্নান।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে তিনি ছাত্র রাজনীতিতে জড়িত হন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতির দায়িত্বপালন করেন সফলতার সাথে । পরে তিনি বাকসুর ভিপি নির্বাচিত হন। ১৯৮৩-৮৫ মেয়াদে তিনি মুজিববিহীন বাংলাদেশে, ছাত্রলীগের কঠিন দুঃসময়ে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতির দায়িত্বপালন করেন দৃঢ়তার সাথে। ১৯৯১ সালে তিনি বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সহঃপ্রচার ও প্রকাশনা সম্পাদক এবং ১৯৯৬ সালে প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবে দায়িত্বপালন করেন। এরপর ২০০২ সালের ২৬ শে ডিসেম্বর তিনি বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটিতে সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পান এবং দক্ষতার সহিত দাপিয়ে বেড়ান রাজনীতির মাঠ। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনায় আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ এবং যুব মহিলালীগের গঠনতন্ত্র রচনা করেন দক্ষ এই রাজনীতিবিদ আব্দুল মান্নান।

১৯৯৮ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত তিনি দুই মেয়াদে কৃষিবিদ ইনস্টিটিউশনের মহাসচিব নির্বাচিত হন। তিনি একাধারে কৃষিবিদ ইনস্টিটিউট প্রকৃতি ও বিসিএস ২৬ ক্যাডারের মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন ফর এডভান্সমেন্ট অব সায়েন্স, বাংলাদেশ সোসাইটি অব এগ্রোনমি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি বগুড়া এবং বাংলাদেশ ডায়াবেটিক এসোসিয়েশন (বগুড়া) এর আজীবন সদস্য। এছাড়াও তিনি বাংলাদেশ কৃষি গবেষণা

কাউন্সিলের গভর্নিং বোর্ডের সদস্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

বিএনপির দুর্গ খ্যাত বগুড়ায় ২০০৮ সালের ২৯ ডিসেম্বর নবম জাতীয় সংসদ নির্বাচনে বগুড়া ০১ আসনে বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থী হিসেবে নৌকা প্রতিক নিয়ে সংসদ সদস্য নির্বাচিত হন আব্দুল মান্নান। তিনি নবম জাতীয় সংসদে কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি ২০১৪ সালের ৫ জানুয়ারী দশম সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামীলীগের মনোনয়নে দ্বিতীয় মেয়াদে বগুড়া ০১ আসনের সাংসদ নির্বাচিত হন। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২০১৮ সালের ৩০ ডিসেম্বরে বগুড়া ০১ আসনে তৃতীয় মেয়াদে এমপি নির্বাচিত হন আব্দুল মান্নান। তিনি তার নির্বাচনী এলাকায় জননেত্রী শেখ হাসিনার সরকারের নেতৃত্বে প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকার উন্নয়ন সাধিত করেন। তিনি দশম জাতীয় সংসদে লাইব্রেরী কমিটি ও কৃষি মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য এবং বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টি বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি এই এলাকার সর্বশ্রেণীর মানুষের একান্ত আপনজন। তিনি লোভ লালসার উর্ধে থেকে কাজ করে যাচ্ছেন নিরলসভাবে।